

সিঙ্গাইরের স্কুলে জাল সার্টিফিকেটে শিক্ষকের চাকরি লাভের অভিযোগ

সিঙ্গাইর (মানিকগঞ্জ) থেকে সংবাদদাতা ৷ সিঙ্গাইরে এক ব্যক্তি বিএ (পাস)-এর জাল সার্টিফিকেটের মাধ্যমে একটি সুপ্রতিষ্ঠিত উচ্চ বিদ্যালয়ে দীর্ঘ ৩৫ বছর ধরে শিক্ষকের দায়িত্ব পালন করে আসিছেন। কয়েক বছর আগে জাল সার্টিফিকেটের ঘটনা প্রমাণিত হলেও অন্যায়ভাবে এই শিক্ষকের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সুপ্রতিষ্ঠিত স্কুলে ৩৫ বছর আগে উক্ত ব্যক্তি সিঙ্গাইর উপজেলার জয়মটপ উচ্চ বিদ্যালয়ে সিনিয়র শিক্ষক হিসেবে যোগদান করেন। এ সময় তিনি শিক্ষাগত যোগ্যতার অন্যান্য সনদপত্রের সাথে ঢাকার সোহরাওয়ার্দী কলেজ থেকে ১৯৬৮ সনের বিএ (পাস) পরীক্ষার ৩য় বিভাগ প্রাপ্তির ঢাকা বিশ্ববিদ্যালয়ের সনদপত্র জমা দেন। কিন্তু স্কুল কর্তৃপক্ষ জানতে পারেন যে, উক্ত শিক্ষক আসলে বিএ (পাস) পরীক্ষায় উত্তীর্ণ হননি এবং তার সার্টিফিকেট জাল। বিষয়টি নিশ্চিত হওয়ার পর স্কুলের প্রধান শিক্ষক মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা শিক্ষা ভবন বরাবর সূত্র তদন্তের জন্য ইতিমধ্যে অভিযোগ দাখিল করেছেন। কিন্তু উক্ত শিক্ষক এখনো চাকরিতে বহাল আছেন।